গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৮. ২০২০-৫৭৮

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৭ / ১৯ জুলাই ২০২০

বিষয়ঃ পশু-পাখির মৃতদেহ পরিবেশসম্মতভাবে পুঁতে ফেলার ব্যবস্থাকরণ।

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ অনুযায়ী পশু-পাখির মৃতদেহ অপসারণ ও নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানের উপর বর্তায়।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেকক্ষেত্রে শহর ও গ্রামাঞ্চলে পশু-পাখির মৃতদেহ যত্রতত্র এমনকি পুকুর, ডোবা, খাল, বিল ও নদীতে পড়ে থাকে বা ফেলে রাখা হয়। উক্ত মৃত দেহসমূহ পশু-পাখি খেয়ে থাকে এবং মৃতদেহের অংশ বিশেষ যত্রতত্র ছড়িয়ে ও ছিটিয়ে পড়ে থাকে। এ সমস্ত মৃতদেহ পচে বিভিন্ন রোগ-জীবানু সৃষ্টি হয় এবং বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ায় মানুষ রোগাক্রান্ত হয়। এ ছাড়াও এর ফলে মাটি, পানি ও বায়ু দূষণসহ সার্বিকভাবে পরিবেশ দূষিত হয়, যা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এ থেকে পরিত্রাণের জন্য পশু-পাখির মৃতদেহসমূহ পরিবেশসম্মতভাবে মাটির নিচে পুঁতে রাখা প্রয়োজন।

বর্ণিতাবস্থায়, তাঁর অধিক্ষেত্রের মধ্যে পশু-পাখির মৃতদেহ যত্রতত্র ফেলে না রেখে তা পরিবেশসম্মতভাবে মাটিতে পুঁতে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

Rahman ১৯/০৭/২০২০

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ:

১। মাননীয় মেয়র,..... সিটি কর্পোরেশন।
২। মেয়র, ... পৌরসভা।
৩। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, উপজেলা-....., জেলা.....।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/ সচিব, তথ্য মন্ত্রণালয়/সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ/ বিভাগীয় কমিশনার (সকল)।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ...সিটি কর্পোরেশন।
৬। যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ/নগর উন্নয়ন-২/নগর উন্নয়ন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮। জেলা প্রশাসক (সকল)।
৯। চেয়ারম্যান, ... উপজেলা পরিষদ, উপজেলা....., জেলা .....।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ---------- উপজেলা, ---------- জেলা।
১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।